



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সিলেট
dss.sylhetdiv.gov.bd

স্মারক নম্বর: ৪১.২৮.০০০০.০০০.১৬.০১৭.১৯.৬২০

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ
১১ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: মহিলা ও শিশু কিশোরী হেফাজতীদের নিরাপদ আবাসন(সেফহোম), বাগবাড়ি, সিলেট পরিদর্শনের প্রেক্ষিতে বাস্তবায়নযোগ্য নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ০৫ ডিসেম্বর ২০২২ তারিখ মহিলা ও শিশু কিশোরী হেফাজতীদের নিরাপদ আবাসন (সেফহোম), বাগবাড়ি, সিলেট সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে জনাব নিবাস রঞ্জন দাশ, উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সিলেট, জনাব মো: আব্দুর রফিক, উপপরিচালক, বিভাগীয় সমাজসেবা অফিস, সিলেট ও জনাব আয়শা আক্তার বৃষ্টি, উপতত্ত্বাবধায়ক (অতিরিক্ত দায়িত্ব), মহিলা ও শিশু কিশোরী হেফাজতীদের নিরাপদ আবাসন (সেফহোম), বাগবাড়ি, সিলেট এবং উক্ত প্রতিষ্ঠানের কর্মচারীগণ উপস্থিত ছিলেন। প্রতিষ্ঠানটি পরিদর্শনপর নিম্ন-স্বাক্ষরকারীর পর্যবেক্ষণ ও নির্দেশনাসমূহ পরবর্তী ব্যবস্থা গ্রহণে নিম্নে তুলে ধরা হলো:

সারসংক্ষেপ : অত্র প্রতিষ্ঠানে কর্মকর্তা ও কর্মচারীদের পদ অনুমোদিত ১৩টি তন্মধ্যে কর্মরত ০৭ জন। unicef হতে একজন counsellor এবং একজন সমাজকর্মী কর্মরত আছেন। পরিদর্শনকালে ৩০ জন নিবাসী পাওয়া যায় যার মধ্যে ২৩ জন নারী ও ০৭ জন ছেলে শিশু। নারীদের মধ্যে ১৩ জন বাল্য বিবাহের victim এবং অন্যরা জিডিমূলে প্রতিষ্ঠানে অনস্থানরত। প্রতিষ্ঠানের বাহিরের police Guard shed এবং ভিতরের গেটে ১০ জন আনসার সার্বক্ষনিক duty করেন। তথ্য/উপাত্ত নিয়ে জানা যায়, অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত উপতত্ত্বাবধায়ক নিয়মিত প্রতিষ্ঠানে গমন করেননা।

করনীয়:

ক. মূলপদে কর্মরত উপতত্ত্বাবধায়ক এর মাতৃত্বজনিত ছুটি অর্থাৎ অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত উপতত্ত্বাবধায়ক কাজের নিবীড় তদারকির জন্য প্রতিদিন অন্ততঃ একবার প্রতিষ্ঠানে গমন করবেন এবং সার্বিক বিষয়ে খোঁজ নিবেন ও নির্দেশনা দিবেন। নিবাসীদের দৈনিক খাবার, চিকিৎসা সেবা, শিশুদের পরিচর্যা ইত্যাদি সরেজমিনে ততরকি তিনি করবেন।

খ. ইউনিসেফ নিয়োগকৃত কাউন্সেলর বিয়ে সংক্রান্ত Victimদের নিয়মিত Counselling করতঃ আদালতের আদেশে তাদের পরিবারে প্রেরণের ব্যবস্থা নিবেন; উপতত্ত্বাবধায়ক বিষয়টি নিয়মিত তদারকি করবেন;

গ. প্রতিষ্ঠানের ভিতরের প্রধান কলাপসিবল গেটের চাবি অবশ্যই আনসার বাহিনীর হাতে থাকবে, প্রতিষ্ঠানের স্টোর, দপ্তর ইত্যাদির চাবি প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত কর্মচারীর হাতে থাকবে এবং একসেট চাবি উপতত্ত্বাবধায়ক এর নিকট সংরক্ষিত থাকবে;

ঘ. হেফাজতীর সাথে অবস্থারত শিশুর খাবার, যত্ন, পরিচর্যা, চিকিৎসা সেবা ও শীতকালীন পোষাক উপতত্ত্বাবধায়ক তদারকি করবেন এবং কোন জরুরি পরিস্থিতি নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে জানাবেন।

ঙ. হেফাজতীদের বাবা/মা ব্যতিরেকে অন্যকোন Visitor সাক্ষাৎ পাবেননা; হেফাজতীর সাথে কে কে সাক্ষাৎ করবেন তা আদালতের আদেশ ও নীতিমালামাতে উপতত্ত্বাবধায়ক যাচাই করবেন; উপতত্ত্বাবধায়ক যাকে হেফাজতীর সাথে সাক্ষাতের অনুমতি দিবেন তিনি বা তারা সাক্ষাৎ করবেন। সাক্ষাৎকালে প্রতিষ্ঠানের একজন কর্মচারী নিশ্চিত উপস্থিত থাকবেন। আনসার বা পুলিশের অনুমতির মাধ্যমে কাউকে সাক্ষাতের ব্যবস্থা করা যাবেনা; অর্থাৎ উপতত্ত্বাবধায়ক কর্তৃক যাচাই ও অনুমতি সাপেক্ষে সাক্ষাৎকার্য সম্পাদন হবে।

এমতাবস্থায় বর্ণিত নির্দেশাবলী নিবাসী শিশুদের ও প্রতিষ্ঠানের সর্বোত্তম স্বার্থ বিবেচনায় বাস্তবায়নের জরুরি পদক্ষেপ গ্রহণ ও আপনার দপ্তরের নিয়মিত তদারকি অব্যাহত রেখে বাস্তবায়ন অগ্রগতি অত্র দপ্তরকে অবহিত করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

১১-১২-২০২২
মোহাম্মদ শহীদুল ইসলাম
পরিচালক
০১৮১৮৫৯৫৩৪৫
shahidulislam.dss@gmail.com

উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সিলেট।

স্মারক নম্বর: ৪১.২৮.০০০০.০০০.১৬.০১৭.১৯.৬২০ /১ (৪)

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ
১১ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, ঢাকা;
- ২। পরিচালক(প্রতিষ্ঠান), সমাজসেবা অধিদফতর, ঢাকা;
- ৩। উপতত্ত্বাধায়ক, মহিলা ও শিশু কিশোরী হেফাজতীদের নিরাপদ আবাসন(সেফহোম), বাগবাড়ি, সিলেট এবং
- ৪। অফিস কপি।

